

ই-গভার্ন্যান্স ও উন্নাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন (২০২৩-২৪)
শ্রেষ্ঠ উন্নাবনী উদ্যোগ/ধারণাসমূহ

(সারসংক্ষেপ)

ক্রমিক নম্বর	ডিজিটাইজড/ সহজিকৃত সেবার নাম	ডিজিটাইজড/ সহজিকৃত সেবা শুরু (বছর)	মন্ত্রণালয়/বিভাগ	সংস্থার নাম	সেবা ডিজিটাইজেশন/ সহজিকরণের পূর্বে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ডিজিটের সংখ্যা	সেবা ডিজিটাইজেশন/ সহজিকরণের পরবর্তীতে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ডিজিটের সংখ্যা	সেবাগ্রহীতার সংখ্যা
১.	Central One Stop Service	২০২২	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ২-৩ দিন (গড়ে) খরচঃ যাতায়াত বাবদ ৩০০-৫০০ টাকা (গড়ে) ডিজিটঃ ২-৩বার (গড়ে)	সময়ঃ ১ দিন খরচঃ যাতায়াত ১০০- ২০০ টাকা (গড়ে) ডিজিটঃ ১ বার (গড়ে)	প্রায় ৬.৫ লক্ষ
২.	সার্ভিস ফিডব্যাক ম্যানেজমেন্ট সিস্টেম	২০২২	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ১০ দিন খরচঃ ১৫০০-২০০০ টাকা ডিজিটঃ ৪-৬ বার (গড়ে)	সময়ঃ ৫ দিন খরচঃ ৫০০ টাকা (গড়ে) ডিজিটঃ ২ বার	অদ্যাবধি ৩১,৩৯১ জন
৩.	সঠিক ফিক্সেশনের মাধ্যমে বেতন সমতাকরণ	প্রস্তাবিত	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ১০ দিন (গড়ে) খরচঃ যাতায়াত ব্যয় গড়ে ৫০০ টাকা ডিজিটঃ ২-৩ বার	সময়ঃ ৩-৪ দিন খরচঃ যাতায়াত ব্যয় ২০০ টাকা (গড়ে) ডিজিটঃ ১ বার	প্রায় ১২ লক্ষ সরকারি কর্মচারী
৪.	‘স্মার্ট ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম’ চালুকরণ	২০২৪	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ৪-৫ দিন (গড়ে) খরচঃ ৫০০-১০০০ টাকা ডিজিটঃ ২-৩ বার (গড়ে)	সময়ঃ ২-৩ দিন। খরচঃ ৩০০-৫০০ টাকা (গড়ে) ডিজিটঃ ২ বার	সিজিএ কার্যালয়ের আওতাধীন প্রায় ৮,৫০০ কর্মকর্তা- কর্মচারী।
৫.	পেনশন কেইস নিষ্পত্তি সহজীকরণ	২০২৪	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ১০ দিন খরচঃ ১৫০০-২০০০ টাকা ডিজিটঃ ৪-৬ বার (গড়ে)	সময়ঃ ৫ দিন খরচঃ ৫০০ টাকা (গড়ে) ডিজিটঃ ২ বার	৬.৫ লক্ষ

বিস্তারিত


১। উন্নতাবনী উদ্যোগ/ধারণা: Central One Stop Service

বর্ণনা: হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নির্দিষ্ট একটি পয়েন্ট থেকে সম্মানিত পেনশনারগণকে পেনশন সম্পর্কিত যাবতীয় সেবা প্রদানের লক্ষ্যে **Central One Stop Service** ব্যবস্থা চালু করা হয়। ইতোপূর্বে সম্মানিত পেনশনারদের সেবা প্রদানের বিষয়টি ছিল শুধুমাত্র অফিস ভিত্তিক অর্থাৎ সম্মানিত পেনশনারকে পেনশন সংক্রান্ত যেকোন প্রয়োজনে তাঁর স্ব-স্ব হিসাবরক্ষণ অফিস অর্থাৎ নির্দিষ্ট যে হিসাবরক্ষণ কার্যালয় থেকে তাঁর পিপিও/ডি-হাফ ইস্যু করা হয়েছে সেই কার্যালয়ে গিয়ে প্রয়োজনীয় সেবা নিতে হতো। যেমনঃ পেনশন রিফিন্ডেশন, লাইফ ভেরিফিকেশন, ব্যাংক হিসাব নম্বর পরিবর্তন, মোবাইল ফোন নম্বর পরিবর্তন বা সংশোধন, নমিনি তথ্য সংযোজন বা সংশোধনসহ পেনশন সংক্রান্ত যে কোন জিজ্ঞাসা। হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের উদ্যোগে হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে **One Stop Service** চালু করার পর যে কোন পেনশনার সিজিএ কার্যালয়ের হিসাবভবনস্থ নির্দিষ্ট সেবা কেন্দ্রে এসে পেনশন বিষয়ক সকল প্রকার সেবা নিতে পারেন, ফলে সেই পেনশনারকে বারং বার স্ব-স্ব কার্যালয়ে গিয়ে শ্রম, টাকা, সময় খরচ করতে হয় না। সিজিএ কার্যালয়ের **One Stop Service** সেন্টার সার্বক্ষণিক তদারকির জন্য পর্যায়ক্রমিকভাবে একজন চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার সেখানে অবস্থান করেন এবং সেবা কার্যক্রম পর্যবেক্ষণ করেন। একজন অডিট এন্ড একাউন্টস অফিসার, একজন সুপারিনটেন্ডেন্ট এবং একজন অডিটরের সমন্বয়ে সরকারি কর্মদিবসগুলোতে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সেবা কার্যক্রম পরিচালিত হয়।

One Stop Service ইনোভেশন উদ্যোগটি ইতোমধ্যে সিজিএ মূল কার্যালয়ের পাশাপাশি সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল হিসাবরক্ষণ অফিসে রেপ্লিকেট করা হয়েছে।


প্রসেস ম্যাপিং পেনশন সম্পর্কিত সেবা

সেবাসহজীকরণের পূর্বেঃ



প্রসেস ম্যাপঃ Central One Stop Service

সেবাসহজীকরণের পরেঃ



লিংকঃ সিজিএ ওয়েবসাইট।

টিসিভি বিশ্লেষণঃ

ডিজিটাইজড/সহজিকৃত সেবার নাম	ডিজিটাইজড/সহজিকৃত সেবা শুরু (বছর)	মন্ত্রণালয়/বিভাগ	সংস্থার নাম	সেবা ডিজিটাইজেশন/সহজিকরণের পূর্বে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবা ডিজিটাইজেশন/সহজিকরণের পরবর্তীতে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবাগ্রহীতার সংখ্যা
Central One Stop Service	২০২২	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ২-৩ দিন (গড়ে) খরচঃ যাতায়াত বাবদ ৩০০-৫০০ টাকা (গড়ে) ভিজিটঃ ২-৩বার (গড়ে)	সময়ঃ ১ দিন খরচঃ যাতায়াত ১০০-২০০ টাকা (গড়ে) ভিজিটঃ ১ বার (গড়ে)	প্রায় ৬.৫ লক্ষ

২। উন্নত উদ্যোগ/ধারণা: সার্ভিস ফিডব্যাক ম্যানেজমেন্ট সিস্টেম


বর্ণনা: সম্মানিত সেবাগ্রহীতাগণের সেবার মান উন্নয়নের লক্ষ্যে সিজিএ কার্যালয়ের আওতাধীন চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস, ডিপ্রিস্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস এবং উপজেলা একাউন্টস অফিসসমূহে পরিশোধিত লাম্পগ্রান্ট, জিপিএফ চুড়ান্ত এবং গ্রাচুয়িটি- এ তিনটি সেবা সম্পর্কিত বিস্তারিত তথ্য তালিকাভুক্ত করে সিজিএ কার্যালয়ে প্রেরণ করা হয়। সিজিএ কার্যালয়ে গঠিত বাস্তব যাচাই টিমের সদস্যগণ প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে সেবা প্রাপ্তির গুণগত মান যাচাইয়ের লক্ষ্যে সরাসরি সেবাগ্রহীতাকে তার মোবাইল ফোন নম্বরে ফোন দিয়ে ফিডব্যাক সংগ্রহ করেন এবং প্রাপ্ত ফিডব্যাক সিজিএ মহোদয়কে অবহিত করেন।

এই প্রক্রিয়াকে আরো তরাখিত করার জন্য পরবর্তীতে ‘সার্ভিস ফিডব্যাক সিস্টেম’ নামে একটি সফটওয়্যার প্রণয়ন করা হয়। সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল সিএএফও, ডিসিএ, ডিএএফও এবং ইউএও কার্যালয় থেকে তৈরীকৃত সার্ভিস ফিডব্যাক ম্যানেজমেন্ট সফ্টওয়্যারের মাধ্যমে উল্লিখিত সেবাসমূহ সম্পর্কিত বিস্তারিত তথ্য অনলাইনে সিজিএ কার্যালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে সিজিএ কার্যালয়ে গঠিত বাস্তব যাচাই টিমের সদস্যগণ সফ্টওয়্যারের মাধ্যমে প্রাপ্ত তথ্য অনুযায়ী সেবাগ্রহীতাগণের মোবাইল নম্বরে সরাসরি ফোন করে ফিডব্যাক সংগ্রহ করেন এবং প্রাপ্ত ফিডব্যাক সফ্টওয়্যারে লিপিবদ্ধ করেন যা পরবর্তীতে সিজিএ মহোদয়কে অবহিত করা হয় পাশাপাশি সিজিএ মহোদয় প্রয়োজনে নিজেও সফ্টওয়্যারে প্রবেশ করে ফিডব্যাক সম্পর্কে অবহিত হতে পারেন। ফিডব্যাক থেকে প্রাপ্ত বিরুপ মন্তব্যের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়।

সার্ভিস ফিডব্যাক ম্যানেজমেন্ট সফ্টওয়্যার ব্যবহারের ফলে সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল কার্যালয়ে উল্লিখিত সেবা প্রদানের মান অনেক উন্নত হয়েছে এবং সেবাগ্রহীতাগণের সেবা গ্রহণ প্রক্রিয়া আরও স্বাচ্ছন্দময় হয়েছে এবং সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট সময়, পরিশ্রম, যাতায়াত ও অর্থ ব্যয় কম হচ্ছে।


প্রসেস ম্যাপিং সার্ভিস ফিডব্যাক ম্যানেজমেন্ট সিস্টেম

সেবাসহজীকরণের পূর্বে



প্রসেস ম্যাপিং সার্ভিস ফিডব্যাক ম্যানেজমেন্ট সিস্টেম

সেবাসহজীকরণের পরেঃ



লিংকঃ <http://123.49.62.202:7981/cga/cga/r/services-feedback/login>


চিসিডি বিশ্লেষণঃ

ডিজিটাইজড/সহজিকৃত সেবার নাম	ডিজিটাইজড/সহজিকৃত সেবা শুরু (বছর)	মন্ত্রণালয়/বিভাগ	সংস্থার নাম	সেবা ডিজিটাইজেশন/সহজিকরণের পূর্বে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবা ডিজিটাইজেশন/সহজিকরণের পরবর্তীতে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবাগ্রহীতার সংখ্যা
সার্ভিস ফিডব্যাক ম্যানেজমেন্ট সিস্টেম	২০২২	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ১০ দিন খরচঃ ১৫০০-২০০০ টাকা ভিজিটঃ ৪-৬ বার (গড়ে)	সময়ঃ ৫ দিন খরচঃ ৫০০ টাকা (গড়ে) ভিজিটঃ ২ বার	অদ্যাবধি ৩১,৩৯১ জন

৩। উন্নত উদ্যোগ/ধারনা: সঠিক ফিল্ডের মাধ্যমে বেতন সমতাকরণ (প্রস্তাবিত)

বর্ণনা: জাতীয় বেতন ক্ষেত্রের বিভিন্ন ধারার ব্যাখ্যার অস্পষ্টতা, ভুল ব্যাখ্যা বা অন্য কোন কারণে একই পদে বা প্রেতে ভিন্ন ধরণের বেতন নির্ধারণ হচ্ছে। এর ফলে একই পদে/প্রেতে চাকুরী করা সত্ত্বেও অনেক কর্মকর্তা-কর্মচারী তাঁর প্রাপ্য বেতন থেকে বঞ্চিত হচ্ছে। পক্ষপাত্রে ভুল বেতন নির্ধারণের কারণে অনেকেই প্রাপ্তার চেয়ে বেশী বেতন পাচ্ছেন। অসম বেতন নির্ধারণ দূরিকরণার্থে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক অসম বেতন নির্ধারণের কারণ চিহ্নিতকরণ, সিজিএ কোর গুপ্তে আলোচনা পূর্বক সুপারিশমালা প্রদান এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য মন্ত্রণালয় বা বিভাগে প্রেরণ করে অসম বেতন নির্ধারণের সমস্যার সমাধান করা যেতে পারে।

প্রসেস ম্যাপিং: সঠিক ফিল্ডের মাধ্যমে বেতন সমতাকরণ (প্রস্তাবিত)



লিংকঃ সিজিএ ওয়েবসাইট।

চিসিডি বিশ্লেষণ


ডিজিটাইজড/সহজিকৃত সেবার নাম	ডিজিটাইজড/সহজিকৃত সেবা শুরু (বছর)	মন্ত্রণালয়/বিভাগ	সংস্থার নাম	সেবা ডিজিটাইজেশন/সহজিকরণের পূর্বে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবা ডিজিটাইজেশন/সহজিকরণের পরবর্তীতে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবাগ্রহীতার সংখ্যা
সঠিক ফিল্ডের মাধ্যমে বেতন সমতাকরণ	প্রস্তাবিত	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ১০ দিন (গড়ে) খরচঃ যাতায়াত ব্যয় গড়ে ৫০০ টাকা ভিজিটঃ ২-৩ বার	সময়ঃ ৩-৪ দিন খরচঃ যাতায়াত ব্যয় ২০০ টাকা (গড়ে) ভিজিটঃ ১ বার	প্রায় ১২ লক্ষ সরকারি কর্মচারী

৪। উভাবনী উদ্যোগ/ধারণা: স্মার্ট ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (প্রস্তাবিত)

বর্ণনা: স্মার্ট ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (SDMS) একটি কম্পিউটারাইজড অনলাইন সিস্টেম যা যেকোন ধরনের পিডিএফ ফাইল, ইমেজ ফাইল সংরক্ষণ করতে সক্ষম হবে। সিজিএ কার্যালয়ের জন্য এই সিস্টেম হবে এমন একটি স্টোরেজ বা আর্কাইভ যেখানে কার্যক্রম সংশ্লিষ্ট সকল প্রকার তথ্য, উপাত্ত, নথি, ফাইল, ইত্যাদি আপলোড তথা সংরক্ষণ করে রাখা যাবে। ফলে সিজিএ কার্যালয়ের আওতাধীন সকল সিএএফও, ডিসিএ, ডিএএফও এবং ইউএও কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ দাপ্তরিক যেকোন তথ্য উপাত্তের জন্য এই স্টোরেজ ব্যবহার করতে পারবে।

এই উভাবনী ধারণা মূলত একটি প্রশাসনিক তথ্য সংরক্ষণ ব্যবস্থাপনা।

প্রসেস ম্যাপঃ স্মার্ট ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (প্রস্তাবিত)



CGA	-Controller General of Accounts
CAFO	-Chief Accounts and Finance Office
DCA	-Divisional Controller of Accounts
DAFO	-District Accounts and Finance Office
UAO	-Upazila Accounts Office

লিংকঃ

http://123.49.62.202:7981/cga/cga_wp/r/sdms/login

চিসিডি বিশ্লেষণঃ

সিজিএ কার্যালয়ের বিভিন্ন শাখার মাধ্যমে স্মার্ট ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম এ বিভিন্ন দাপ্তরিক পত্র বা জিওসমূহ সিস্টেমে সংরক্ষিত থাকবে। সিজিএ এর আওতাধীন সিএএফও, ডিসিএ, ডিএএফও ও ইউএও অফিসসমূহ যে কোন সিদ্ধান্ত নিষ্পত্তির ক্ষেত্রে সিজিএ, অর্থ বিভাগ বা অন্য যে কোন বিভাগ বা মন্ত্রণালয়ের কোনো অর্ডারের প্রয়োজন হলে তৎক্ষণাত্মে সিস্টেম থেকে প্রয়োজনীয় অর্ডার/জিও সম্পর্কে অবগত হয়ে কম সময়ে সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করতে সক্ষম হবে। এতে সেবা প্রদানকারী সেই কর্মকর্তা/কর্মচারিক সময়, শ্রম ও অর্থ ব্যয় কম হবে। পক্ষান্তরে সেবাগ্রহীতাগণের জন্যও দ্রুত সময়ে স্বল্প ব্যয়ে গুণগত সেবা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হবে।

ডিজিটাইজড/ সহজিকৃত সেবার নাম	ডিজিটাইজড/ সহজিকৃত সেবা শুরু (বছর)	মন্ত্রণালয়/বিভাগ	সংস্থার নাম	সেবা ডিজিটাইজেশন/ সহজিকরণের পূর্বে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবা ডিজিটাইজেশন/ সহজিকরণের পরবর্তীতে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবাগ্রহীতার সংখ্যা
‘স্মার্ট ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম’ চালুকরণ	২০২৪	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ৪-৫ দিন (গড়ে) খরচঃ ৫০০-১০০০ টাকা ভিজিটঃ ২-৩ বার (গড়ে)	সময়ঃ ২-৩ দিন। খরচঃ ৩০০-৫০০ টাকা (গড়ে) ভিজিটঃ ২ বার	সিজিএ কার্যালয়ের আওতাধীন প্রায় ৮,৫০০ কর্মকর্তা- কর্মচারী।

৫। উন্নাবনী উদ্যোগ/ধারণা: পেনশন কেইস নিষ্পত্তি প্রক্রিয়া সহজীকরণ

বর্ণনা: হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সিটিজেন চার্টার অনুযায়ী কোন পেনশন কেইস নিষ্পত্তির সময়সীমা ১০ কর্মদিবস অর্থাৎ পেনশন মঞ্চুরকারী কর্তৃপক্ষ পেনশন মঞ্চুরীর পর হিসাবরক্ষণ অফিসকে ১০ কর্মদিবসের মধ্যে পেনশন কেইস নিষ্পত্তি করতে হয়। কিন্তু পেনশন মঞ্চুরকারী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কেইস নিষ্পত্তির ক্ষেত্রে স্বপ্রগোদ্দিত হয়ে কিছুটা আন্তরিক হলে আরও কম সময়ে এবং ভোগান্তিবিহীন ভাবে পেনশন কেইস নিষ্পত্তি করা সম্ভব।

পেনশন কেইস নিষ্পত্তির ক্ষেত্রে চিহ্নিত সেবার বিদ্যমান সমস্যা-


- যথাসময়ে পেনশন কেইস নিষ্পত্তি না হওয়া।
- উক্ত সমস্যার কারণে সেবাগ্রহীতাদের ভোগান্তি।

সমস্যাটির মূল কারণ

- পেনশন কেইস যথাসময়ে মঞ্চুরী না দেওয়া।
- ভুল বেতন নির্ধারণ।
- চাকুরী বিবরণী/চাকুরী বহি ও সরকারি পাওনা যথাযথভাবে যাচাই না করেই ই.এল.পি.সি ইস্যু করা।
- স্থানীয় পেনশন ইস্যু রেজিস্টার মেনটেইন না করা/মঞ্চুরকারী কর্তৃপক্ষ হিসাবরক্ষণ অফিস বরাবর ডাকযোগে পেনশন কেইস প্রেরণ না করা।


প্রসেস ম্যাপিং পেনশন কেইস নিষ্পত্তি প্রক্রিয়া সহজীকরণ

সেবাসহজীকরণের পূর্বেঃ



প্রসেস ম্যাপিং পেনশন কেইস নিষ্পত্তি প্রক্রিয়া সহজীকরণ

সেবাসহজীকরণের পরেঃ



লিংকঃ [সিজিএ ওয়েবসাইট](#)।

টিসিভি বিশ্লেষণঃ

ডিজিটাইজড/ সহজিকৃত সেবার নাম	ডিজিটাইজড/ সহজিকৃত সেবা শুরু (বছর)	মন্ত্রণালয়/বিভাগ	সংস্থার নাম	সেবা ডিজিটাইজেশন/ সহজিকরণের পূর্বে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবা ডিজিটাইজেশন/ সহজিকরণের পরবর্তীতে সেবা গ্রহীতার গড় সময়, খরচ এবং ভিজিটের সংখ্যা	সেবাগ্রহীতার সংখ্যা
পেনশন কেইস নিষ্পত্তি সহজীকরণ	২০২৪	অর্থ বিভাগ	হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়	সময়ঃ ১০ দিন খরচঃ ১৫০০-২০০০ টাকা ভিজিটঃ ৪-৬ বার (গড়ে)	সময়ঃ ৫ দিন খরচঃ ৫০০ টাকা (গড়ে) ভিজিটঃ ২ বার	৬.৫ লক্ষ